দৈনিক
ইত্তেফাক

পৃষ্ঠা ... 4 AUG 2009 ...

# এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণে অভিভাবকের নাম প্রশ্নে হাইকোর্টের রুল

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

মা, বাবা অথবা আইনগত অভিভাবকের যে কোন একজনের নাম লেখার সুযোগ রেখে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের নিবন্ধন ফরম ও পরীক্ষা ফরম তৈরি করার প্রয়োজনীয় ব্যবস্থা কেন নেয়া হবে না তা জানতে চেয়ে সরকারের প্রতি রুল জারি করেছে হাইকোর্ট। আগামী তিন সপ্তাহের মধ্যে এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়কে প্রতিবেদন দাখিল করার জন্য আদালত নির্দেশ দিয়েছে। এছাড়া একই সময়ের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও সকল শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণকে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছে আদালত। গতকাল সোমবার বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি মইনুল ইসলাম চৌধুরীকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করেন

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন ফরম ও পরীক্ষার ফরম পূরণ করার ক্ষেত্রে মাতা, পিতা অথবা আইনগত অভিভাবকের যে কোন একজনের নাম লেখার সুযোগ রেখে উক্ত ফরম সংশোধনের ক্ষেত্রে প্রয়োজনীয় (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## এসএসসি ও এইচএসসি

(১৬শ পৃঃ পর)

পদক্ষেপের নির্দেশনা চেয়ে তিনটি মানবাধিকার সংগঠন বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বাংলাদেশ মহিলা পরিষদ ও নারীপক্ষ হাইকোর্টে রিট আবেদন দাখিল করে। গতকাল আবেদনকারিগণের পক্ষে মামলা পরিচালনা করেন ব্যারিস্টার সারা [illegible]। তাকে সহায়তা করেন এডভোকেট